



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ আগস্ট ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটির বাঘাইছড়িতে সেনাবাহিনীর সাথে সংঘর্ষের ঘটনায় ইউপিডিএফ জড়িত নয়

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে বলেছেন, রাঙামাটির বাঘাইছড়ির বড়াদামে আজ শনিবার, ১৫ আগস্ট ২০১৫ ভোরে সেনাবাহিনীর সাথে “সন্ত্রাসীদের” সংঘর্ষের ঘটনায় ইউপিডিএফকে জড়িয়ে কোন কোন সংবাদ মাধ্যমে (টিভি চ্যানেলে) যে রিপোর্ট প্রচারিত হচ্ছে তা আদৌ সত্য নয়।

প্রচারিত সংবাদে উক্ত ঘটনার সাথে মিথ্যাভাবে ইউপিডিএফকে জড়ানোর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে তিনি বলেন, “কার সাথে সংঘর্ষ হয়েছে এবং আটককৃত ও নিহতরা কারা তা পরিষ্কার জানা থাকা সত্ত্বেও একটি বিশেষ মহল ইউপিডিএফের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার জন্য ইচ্ছাকৃতভাবে ও দুরভিসন্ধিমূলকভাবে ইউপিডিএফের নাম জড়াতে চাইছে।”

ইউপিডিএফ নেতা অবিলম্বে ঘটনা সম্পর্কে এই বিভ্রান্তিকর তথ্য দূর করার জন্য সংশ্লিষ্ট সংবাদকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।